দৈনিক সংবাদ

35

তারিখ 28 JAN 1996
পৃষ্ঠা ৫ কলাম ৭

# চুয়াডাঙ্গায় সপ্তাহব্যাপী গ্রন্থমেলা সমাপ্ত

।। মালেকা হক মাখন ।।

চুয়াডাঙ্গা, ২৭শে জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– গ্রন্থ দিবস ও গ্রন্থ সপ্তাহ '৯৬ উদ্‌যাপন উপলক্ষে ৭ দিনব্যাপী গ্রন্থমেলা সমাপ্ত হয়েছে। সম্প্রতি সপ্তাহব্যাপী এই গ্রন্থমেলার শুরু হয় এক বর্ণাঢ্য র‍্যালির মাধ্যমে। মেলার আহ্বায়িকা চুয়াডাঙ্গা সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মিসেস ইলা হক গ্রন্থমেলার শুভ উদ্বোধন করেন। পরে বই বিষয়ক আলোচনা অনুষ্ঠান হয়। শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। গল্প থেকে খন্ড নাটক। চুয়াডাঙ্গা সরকারি উচ্চ বালিকা বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত উক্ত গ্রন্থমেলার তৃতীয় দিনে অনুষ্ঠিত হয় বিভিন্ন পর্যায়ের আবৃত্তি প্রতিযোগিতা। বিকেলে ছিল লোকজ সংগীতের অনুষ্ঠান, ছাত্রছাত্রীদের বিতর্ক প্রতিযোগিতা। বিকেলে স্থানীয় সুধীজন সম্বর্ধনা অনুষ্ঠান। এই সুধীজন সম্বর্ধনা অনুষ্ঠানে ১ জন মহিলাসহ ৬ জনকে সুধী বিবেচনায় সম্বর্ধনা দেয়া হয়। সম্বর্ধিত সুধীরা হলেন, অধ্যক্ষ নূরুল হক, ডাবলু এ কাদির, মকবুলার রহমান, আকুল উদ্দীন মাষ্টার, ওস্তাদ আবুল হোসেন ও মিসেস ইলা হক। শিশুদের হস্তলিখন প্রতিযোগিতা ও বিকেলে মঞ্চস্থ হয় চুয়াডাঙ্গা থিয়েটারের নাটক "আমরা করবো জয়"। কলেজ, বিশ্ববিদ্যালয় ছাত্রছাত্রীদের জন্য রচনা লিখন প্রতিযোগিতা ও বিকেলে গ্রন্থ বিষয়ক রম্য আলোচনা হয় (মায়েদের জন্য)। ৭ই জানুয়ারি সমাপনী দিনে সন্ধ্যায় চুয়াডাঙ্গা সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের আয়োজনে মঞ্চস্থ হয় বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের কাবুলীওয়ালা নাটক।

এ ছাড়া মেলার আয়োজনের অংশ হিসেবে ছিল বিভিন্ন প্রকার বইয়ের স্টল, চমকপ্রদ, খাবারের দোকান, নার্সারি স্টল ও মনোরম আলোক সজ্জা। সমাপনী দিনে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক রফিকুল ইসলাম বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করে গ্রন্থ সপ্তাহ ও গ্রন্থ মেলার সমাপ্তি ঘোষণা করেন।